

শ্রীশ্রীহরি সঙ্গীত

১০৯

(২নং) ১৫৬ নং গান, তাল-একতালা

- ওগো প্রাণ সজনী, একাকিনী, কেন বা গেলাম জল আনিতে।
দেখলেম রক্ত বরণ, ভুবন মোহন মন চলে না গৃহে যেতে ॥
- ১। একাকিনী গেলাম ঘাটে, দেখলাম পুষ্করিণী তটে।
রূপে যেন বিজলী ছোটে, দেখলাম সে রূপ কটাক্ষেতে ॥
- ২। প্রাণ গেল চোরে, হরিরূপ চক্ষু হেরে।
দিবানিশি গুণ গুণ স্বরে, প্রাণ কাঁদে তার বিরহেতে ॥
- ৩। দেখে এলাম কি অপরূপ, ভুবনে দেখি নাই সে রূপ।
দেখে সেই রূপে স্বরূপ, পারি না আর ভুলিতে ॥
- ৪। যে দিকে ফিরাই আঁখিহরিময় সেই দিক দেখি।
ওরে বর বর বারে আঁখি, বুক ভাসে চক্ষুর জলেতে ॥
- ৫। শুধু গৌররূপ নয় কখন, ভিতরেতে রক্ত বরণ।
দেখে সেই রূপের কিরণ, চিক লেগেছে চক্ষুতে ॥
- ৬। তাড়িত বিদ্যুতের মত, ঝলক দেয় অবিরত।
আমার প্রাণ হয়েছে ওষ্ঠাগত, দেখতে চায় সে প্রাণনাথে ॥
- ৭। গৌঁসাই মহানন্দের এই মিনতি, করব আমরা হরিপতি।
গুরু পদে হবে আর্তি পারিব তারে ধরিতে ॥
- ৮। ডেকে কয় তারকচন্দ্র অশ্বিনীর কপাল মন্দ।
হরিচাঁদের পদারবিন্দু, ভজলি না সংসার মেতে ॥

(৩নং) ১৫৭ নং তাল-একতালা

- চল্ চল্ গো সখী, দেখবি নাকি এক সোনার মানুষ এসেছে।
ওগো কুলবালার কুল নাশিতে, নবীনচাঁদ উদয় হয়েছে ॥
- ১। শিবপূজার ফুল তুলিতে, গিয়েছিলাম সকালেতে,
দেখে এসেছি পথে, ভুবন আলো করেছে।